অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/1/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের হেলথ ডিপার্টমেন্ট লং কোভিডের ব্যাপারে বিশেষজ্ঞ কনসোর্টিয়াম ঘোষণা করলেন

শিক্ষামূলক সিম্পোজিয়াম জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের এবং রোগীদের অ্যাডভোকেটদের একত্রিত করে লং কোভিড সনাক্ত ও চিকিৎসার ব্যাপারে স্টেটের সাড়াদান সম্পর্কে জানানোর জন্য

ভার্চ্যুয়াল ইভেন্টটি জনগণের জন্য উন্মুক্ত থাকবে এবং এটি অনুষ্ঠিত হবে 3 ফেব্রুয়ারি, বৃহস্পতিবার, সকাল 8:45 থেকে দুপুর 2:30 পর্যন্ত

ইভেন্টটির জন্য বিনামূল্যে নিবন্ধন করুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে, স্টেটের হেলথ ডিপার্টমেন্টের (Department of Health) নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেট, 3 ফেব্রুয়ারি, বৃহস্পতিবার, লং কোভিড নিয়ে একটি বিশেষজ্ঞ প্যানেল আয়োজন করবে। ইভেন্টটির নিয়ন্ত্রণ করবেন স্টেট স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট, এবং এখানে অতি গুরুত্বপূর্ণ এই জনস্বাস্থ্য সমস্যার গবেষণা, ক্লিনিক্যাল এবং ব্যবহারিক দিক নিয়ে তিনটি প্যানেল থাকবে।

"যেহেতু নিউ ইয়র্ক কোভিড-19 এর বিরুদ্ধে লড়াই করে যাচ্ছে, তাই আমরা লং কোভিডের প্রভাব সমাধানে ব্যবস্থা নিচ্ছি, যার মধ্যে রয়েছে ব্যাপক ব্যাপ্তির লক্ষণ যা নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও ভালো ভালো নেতিবাচকভাবে প্রভাবিত করে যাচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্ক স্টেট জনস্বাস্থ্য বিষয়ে শীর্ষস্থানীয় বিশেষজ্ঞদের একটি প্যানেলে একত্রিত করছে, যা স্টেটে এধরনের প্রথম ইভেন্ট, যাতে তথ্য সংগ্রহ করা যায়, সমস্যা ঠিক কোথায় চিহ্নিত করা যায় এবং এমন সমাধান সৃষ্টি করা যায় যা নিউ ইয়র্কবাসীকে তাদের পুনরুদ্ধারের জন্য প্রয়োজনীয় চিকিৎসা, সমর্থন এবং সংস্থান প্রদান করবে। লং কোভিডের বিরুদ্ধে আমাদের লড়াইয়ে আমরা যাতে দেশকে নেতৃত্ব দিতে পারি না নিশ্চিত করতে সাহায্য করার জন্য তাদের অব্যাহত প্রচেষ্টার জন্য আমি হেলথ ডিপার্টমেন্টে এবং NYC Health + Hospitals আমাদের অংশীদারদের প্রশংসা করছি।"

ফোরামে থাকবে বিশেষজ্ঞ, ক্লিনিশিয়ান, সামাজিক বিজ্ঞানী, অ্যাডভোকেট, এবং অন্যান্য স্টেকহোল্ডার যারা নিজেদের অভিজ্ঞতা, দক্ষতা, এবং উপলব্ধি বিনিময় করবে। আলোচনা এবং ফলাফল স্টেটের লং কোভিড সাড়াদানে, যেমন নীতি, প্রবিধান ও কর্মসূচি বিবেচনার ক্ষেত্রে তথ্য

প্রদান করবে, যাতে করে স্টেট ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীকে সমর্থন করতে পারে এবং একই সাথে তাদের সেবা প্রদানকারী স্বাস্থ্যসেবা কর্মীদেরও সমর্থন করতে পারে।

স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন, "আজকে কোভিড-19 সৃষ্টি সমস্যা বিশ্লেষণ করতে পারলে তা আমাদেরকে আগামীকালের নিউ ইয়র্কবাসীর জন্য সমাধান সৃষ্টি করতে দিবে। স্টেটে এধরনের প্রথম ইভেন্টে, ডিপার্টমেন্ট জনস্বাস্থ্য নেতৃবৃন্দ, ভুক্তভোগী, এবং অ্যাডভোকেটদের একত্রিত করবে যাতে রোগী ও সেবাদানকারী একইসাথে লং কোভিড বিষয়ে কথা বলতে পারে। মার্কিন যুক্তরাষ্ট্রে এই নভেল ভাইরাসটি প্রথম আসার পর থেকে, যেহেতু নিউ ইয়র্ক প্রথম এবং সর্বাধিক আক্রান্ত স্থানগুলির একটি, স্টেটের হেলথ ডিপার্টমেন্ট লং কোভিডের সার্বিক সাড়াদান সনাক্ত ও তৈরিতে প্রতিশ্রুতিবদ্ধ।"

পূর্বে কোভিড-19 এ আক্রান্ত নিউ ইয়র্কবাসীদের একটি অংশ ব্যাপক ব্যাপ্তির শারীরিক, মানসিক, আবেগসংক্রান্ত, এবং মনস্তাত্ত্বিক লক্ষণ নিয়ে ভুগছে যা তাদের দৈনন্দিন জীবনকে প্রভাবিত করছে। লং কোভিডের লক্ষণ ব্যাপকভাবে বিভিন্ন ধরনের হতে পারে, যেমন হৃৎস্পন্দন বৃদ্ধির মতো কার্ডিওভাস্কুলার লক্ষণ বা শ্বাস নিতে কষ্ট হওয়া এবং অতিরিক্ত ক্লান্তি এবং মনোযোগ দিতে কষ্ট হওয়া বা অন্যান্য মনস্তাত্ত্বিক লক্ষণও দেখা দিতে পারে।

প্রাথমিকভাবে কোভিডের লক্ষণ তীব্র না হলেও লং কোভিডের লক্ষণ দেখা দিতে পারে এবং তা কয়েক মাস এমনকি এক বছরও থাকতে পারে। বিজ্ঞানীরা যখন লং কোভিড বুঝতে কাজ করে যাচ্ছে, তখন স্টেট বিভিন্ন ক্ষেত্রে স্বাস্থ্য বিশেষজ্ঞদের এবং বিজ্ঞানীদের এই ব্যাপারটির সমাধানে অর্থপূর্ণ সাড়াদান বের করার জন্য একত্রিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। 26 জানুয়ারি, গভর্নর হোকল ঘোষণা করেছেন যে, যেসকল কর্মী কর্মক্ষেত্রে সংস্পর্শ দ্বারা কোভিড-19 এ আক্রান্ত হয়েছে বলে মনে করে, বিশেষ করে যারা দীর্ঘ দিন ধরে বিভিন্ন লক্ষণে ভুগছে, তাদের সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেট নতুন, অনলাইনে শিক্ষার সুযোগ প্রদান করবে। এই প্রচেষ্টার ভিত্তিতে নতুন ইভেন্টটি হতে যাচ্ছে।

বিনামূল্যের এই ইভেন্টটি ভার্চ্যুয়ালি অনুষ্ঠিত হবে এবং জনসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। এটি অনুষ্ঠিত হবে সকাল 8:45 থেকে দুপুর 2:30 পর্যন্ত। সিম্পোজিয়ামে তিনটি পৃথক প্যানেলে সারাদিন আলোচনা চলবে। ইভেন্টের সময়সূচী নিম্নরূপ:

- সকাল 8:45 থেকে সকাল 9:00টা: স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট সূচনা করবেন
- সকাল 9:00টা থেকে সকাল 10:30টা: একটি প্রধান গবেষণা প্যানেল যারা বর্তমানে কী জানা আছে তা আরো ভালোভাবে সংজ্ঞায়িত করবে, যার মধ্যে থাকবে পরিস্থিতির মহামারী সংক্রান্ত দিক, জৈবিক কারণ, কোন জনগোষ্ঠী সর্বাধিক ক্ষতিগ্রস্ত হচ্ছে, এবং বর্তমান গবেষণা প্রচেষ্টাসমূহ।
- সকাল 11:00টা থেকে দুপুর 12:30টা: একটি বিশেষজ্ঞ ক্লিনিক্যাল কেয়ার প্যানেল লং কোভিড, ঝুঁকির বিষয়, এবং বয়স, বর্ণ/জাতি, এবং ভৌগলিক পার্থক্যের ভিত্তিতে ভিন্ন জনগোষ্ঠীর চিকিৎসা নির্দেশনা বিষয়ে বিভিন্ন ক্লিনিক্যাল প্রকাশনা ও উপস্থাপনা নিয়ে আলোচনা করবে।

- দুপুর 1:00টা থেকে দুপুর 2:30টা: একটি যৌথ প্যানেল যার মূল বিষয়বস্তু হবে নীতি ও ব্যবহারিক ফলাফল, যা নীতি, কর্মসূচি এবং উদ্যোগের সুপারিশ করবে, যেগুলিকে নিউ ইয়র্ক স্টেট লং কোভিড সমাধানে এবং লং কোভিড আক্রান্ত ব্যক্তিদের শারীরিক, সামাজিক, এবং মনস্তাত্ত্বিক পুনরুদ্ধারে সাহায্য করার কাজে মূল কাঠামো হিসেবে ব্যবহার করতে পারবে।

নিউ ইয়র্কবাসীরা ভার্চ্যুয়াল ইভেন্টটির জন্য বিনামূল্যে নিবন্ধন করতে পারবে এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন